রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক
প্রধান কার্যালয়, রাজশাহী।
কেন্দ্রীয় হিসাব বিভাগ-১
ফোন নং: ০২৫৮৮-৮২০১০৫; ই-মেইল: dgmcad1@rakub.org.bd
www.rakub.org.bd

সততার কোন বিকল্প নেই, দুর্নীতির সাথে আপোষ নহে।
সহজ শর্তে কৃষি ঋণ, বদলে যাবে সবার দিন।

"মুজিববর্ষের প্রতিশ্রুতি
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের অগ্রগতি"

প্রকা/কেহিবি-১/পরিপত্র নং-০৩/২০২৩ তারিখ : ২২ আগস্ট, ২০২৩ / ০৭ ভাদ্র, ১৪৩০

বিষয়ঃ ২০২২-২০২৩ অর্থবছর (২০২৩-২০২৪ কর বছর) এর কর্মকর্তা/কর্মচারীগণের বৈতনিক আয়ের উপর আয়কর নিরূপণ, কর্তন ও হিসাব দাখিল প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের গত ০৮ আষাঢ়, ১৪৩০/২২ জুন ২০২৩ তারিখের Income-tax Ordinance, 1984 রহিতক্রমে যুগোপযোগী ও সময়োপযোগী করে নূতন আইন প্রণয়নকল্পে প্রণীত আইন, ২০২৩ সালের ১২ নং আইন, গত ১২ আষাঢ়, ১৪৩০/২৬ জুন ২০২৩ তারিখে সরকারের আর্থিক প্রস্তাবাবলি কার্যকরকরণ এবং কতিপয় আইন সংশোধনকল্পে প্রণীত আইন, ২০২৩ সালের ১৪ নং আইন এবং ২৯ আষাঢ়, ১৪৩০/১৩ জুলাই ২০২৩ তারিখের এস,আর,ও, নং-২২৫-আইন/আয়কর-৭/২০২৩ এর প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। ৩০ জুন, ২০২৩ তারিখে সমাপ্ত ২০২২-২০২৩ অর্থবছর (২০২৩-২০২৪ কর বছর) এর জন্য ব্যাংকের সকল করযোগ্য কর্মকর্তা/কর্মচারীর বৈতনিক আয়ের আয়কর নিজ তহবিল হতে প্রদানের ক্ষেত্রে উল্লিখিত আইন ও এস,আর,ও, বিবেচনায় নিয়ে নিম্নবর্ণিত নিয়মাচার অনুসরণ করার জন্য বলা হলো এবং বৈতনিক আয়ের আয়কর নিরূপণে সহায়ক কম্পিউটেশন শীট ছক 'ক' ও 'খ', প্রত্যয়নপত্র ছক 'গ' ও 'ঘ' এবং নমুনা এতদসংগে সংযুক্ত করা হলো।

(অ) করদাতা কে হবেনঃ

(ক) যে সকল কর্মকর্তা/কর্মচারীর ১ জুলাই, ২০২২ হতে ৩০ জুন, ২০২৩ তারিখ পর্যন্ত মোট বেতন আয় পুরুষ করদাতার জন্য ৩,৫০,০০০/-টাকা, মহিলা করদাতার জন্য ৪,০০,০০০/-টাকা, তৃতীয় লিঙ্গের করদাতা এবং প্রতিবন্ধী স্বাভাবিক ব্যক্তি করদাতার জন্য ৪,৭৫,০০০/-টাকা এবং গেজেটভুক্ত যুদ্ধাহত মুক্তিযোদ্ধা করদাতার জন্য ৫,০০,০০০/- টাকার উর্ধ্বে হবে। কোন প্রতিবন্ধী ব্যক্তির পিতা-মাতা বা আইনানুগ অভিভাবকের প্রত্যেক সন্তান বা পোষ্যের জন্য করমুক্ত আয়ের সীমা ৫০,০০০/- টাকা অধিক হবে, তবে প্রতিবন্ধী ব্যক্তির পিতা ও মাতা উভয়েই করদাতা হলে যেকোনো একজন এই সুবিধা ভোগ করতে পারবে।

খ) একজন সরকারি কর্মকর্তা/কর্মচারীর মূল বেতন, উৎসব ভাতা এবং বোনাস/এক্সগ্রেসিয়া ''করযোগ্য আয়'' হিসেবে বিবেচিত হবে। অন্য সকল সুবিধা ও ভাতাদি যেমন- বাড়ী ভাড়া ভাতা, চিকিৎসা ভাতা, শিক্ষা সহায়ক ভাতা, কার্যভার ভাতা, যাতায়াত ভাতা, ধোলাই ভাতা, বাংলা নববর্ষ ভাতা, ছুটি নগদায়ন এবং শ্রান্তি বিনোদন ভাতা ইত্যাদি করমুক্ত থাকবে।

গ) ৩০-০৬-২০২৩ তারিখ পর্যন্ত পূর্ণ বা আংশিক পিআরএল ভোগরত কর্মকর্তা/কর্মচারীগণ [যদি অনুচ্ছেদ (অ)(ক) এ বর্ণিত আয় থাকে]।

(আ) সাধারণ কর রেয়াত প্রযোজ্য এইরূপ অনুমোদনযোগ্য বিনিয়োগ ও ব্যয়ঃ নিম্নবর্ণিত বিনিয়োগ ও ব্যয়ের ক্ষেত্রে সাধারণ কর রেয়াত প্রযোজ্য হবে:

(১) করদাতা কর্তৃক তাঁর নিজের জন্য অথবা তাঁর স্বামী বা স্ত্রী অথবা তাঁর কোনো অপ্রাপ্ত বয়স্ত সন্তানের জন্য জীবন বিমা বা চুক্তি ভিত্তিক "deferred annuity" পরিচালনা করার জন্য পরিশোধিত কোন অর্থ, তবে বিমার ক্ষেত্রে পরিশোধিত উক্ত অর্থ হবে বিমার প্রকৃত অর্থের (বোনাস বা অন্যান্য সুবিধা ব্যতীত) ১০% (দশ শতাংশ);

(২) হিন্দু অবিভক্ত পরিবার হিসাবে কোন করদাতা কর্তৃক উক্ত পরিবারের যেকোন পুরুষ সদস্যের বা এইরূপ সদস্যের স্ত্রীর জীবন বিমার উদ্দেশ্যে পরিশোধকৃত অর্থ;

তবে শর্ত থাকে যে, প্রযোজ্য ক্ষেত্রে জীবন বিমা পলিসির প্রিমিয়াম অথবা, চুক্তিভিত্তিক "deferred annuity" এর জন্য পরিশোধিত অর্থ বাংলাদেশে পরিশোধ না করা হলে, এই অনুচ্ছেদ বা অনুচ্ছেদ (১) এর অধীন কোন অব্যাহতি অনুমোদনযোগ্য হবে না;

চলমান পাতা-০২

(৩) কোন ব্যক্তিবিশেষের প্রতি সরকার কর্তৃক বা সরকারের পক্ষে বেতনাদি বাবদ পরিশোধযোগ্য যেকোন পরিমাণের অর্থ হতে চাকরির শর্তাবলি অনুসারে উক্ত ব্যক্তির জন্য স্থগিত বার্ষিক বৃত্তি বাবদ অথবা তাঁর স্ত্রী বা সন্তানদের নিরাপত্তা বিধানের জন্য কর্তনকৃত অর্থ;

তবে শর্ত থাকে যে, উক্তরূপ অর্থ প্রাপ্য বেতনের এক-পঞ্চমাংশের অধিক হবে না;

(৪) Provident Fund Act, 1925 (Act No. 19 of 1925) এর বিধানাবলি প্রযোজ্য এইরূপ যেকোন তহবিলে করদাতার চাঁদা বাবদ প্রদেয় অর্থ;

(৫) ২০২৩ সালের ১২ নং আইনের দ্বিতীয় তফসিল এর অংশ-৩ এ বর্ণিত সীমা সাপেক্ষে, কোনো ভবিষ্য তহবিলে করদাতা অংশগ্রহণকারী হলে, উক্ত তহবিলে করদাতা বা তাঁর নিয়োগকারী কর্তৃক পরিশোধিত অর্থ যা চাঁদা হিসেবে প্রদত্ত হয়েছে;

(৬) অনুমোদিত কোন বার্ধক্য তহবিলে করদাতা অংশগ্রহণকারী হলে, উক্ত তহবিলে তৎকর্তৃক বার্ষিক সাধারণ চাঁদা হিসাবে পরিশোধকৃত অর্থ;

(৭) কোন আয়বর্ষে নিম্নবর্ণিত ক্ষেত্রে বিনিয়োগকৃত কোন অর্থ, যথা-

(ক) অনধিক ৫ (পাঁচ) লক্ষ টাকার কোনো সরকারি সিকিউরিটিজ (সঞ্চয়পত্র);

(খ) কোন আর্থিক প্রতিষ্ঠান বা ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ বা সম্পদ ব্যবস্থাপক বা ফান্ড ম্যানেজার কর্তৃক ইস্যুকৃত ইউনিট সার্টিফিকেট এবং মিউচুয়াল ফান্ড, ইটিএফ বা যৌথ বিনিয়োগ স্কিম ইউনিট সার্টিফিকেটে অনধিক ৫ (পাঁচ) লক্ষ টাকা;

(গ) কোনো তফসিলি ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক স্পন্সরকৃত ডিপোজিট পেনশন স্কিমে বা মাসিক সঞ্চয় স্কিমে জমাদানকৃত অনধিক ১ (এক) লক্ষ ২০ (বিশ) হাজার টাকা;

(৮) বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জের অধীন পরিচালিত কোন স্টক এক্সচেঞ্জের সাথে তালিকাভুক্ত কোন সিকিউরিটিজে বিনিয়োগ;

(৯) করদাতা কর্তৃক কোনো দাতব্য হাসপাতালকে প্রদত্ত কোন দান, যা এরূপ অর্থ পরিশোধের ১ (এক) বৎসর পূর্বে সিটি কর্পোরেশন এলাকা বহির্ভূত এলাকায় স্থাপন করা হয়েছে এবং বোর্ড কর্তৃক এতদুদ্দেশ্যে অনুমোদিত হয়েছে;

(১০) প্রতিবন্ধী ব্যক্তিগণের কল্যাণে স্থাপিত কোনো সংগঠনকে করদাতা কর্তৃক দান হিসাবে পরিশোধকৃত কোন অর্থ, যদি এইরূপ সংগঠন উক্ত দানের এক বৎসর পূর্বে প্রতিস্থিত হয় এবং এতদুদ্দেশ্যে সমাজকল্যাণ অধিদপ্তর ও বোর্ড কর্তৃক অনুমোদিত হয়;

(১১) করদাতা কর্তৃক যাকাত হিসাবে যাকাত তহবিলে অথবা চাঁদা বা দান হিসাবে যাকাত তহবিল ব্যবস্থাপনা আইন ২০২৩ (২০২৩ সনের ৫ নং আইন) দ্বারা বা এর অধীন প্রতিস্থিত কোনো দাতব্য তহবিলে পরিশোধিত যে কোন পরিমাণ অর্থ;

(১২) স্ত্রী, সন্তান বা নির্ভরশীল অন্য কারো সুবিধা প্রতিবিধানার্থ কল্যাণ তহবিলে প্রদত্ত অর্থ অথবা যৌথ বিমা স্কিমের অধীন কোন প্রিমিয়াম বাবদ পরিশোধিত অর্থ যদি এইরূপ তহবিল অথবা স্কিম বোর্ড কর্তৃক এতদুদ্দেশ্যে অনুমোদিত হয়;

(১৩) সরকার কর্তৃক অনুমোদিত কোন জনকল্যাণমূলক বা শিক্ষামূলক প্রতিষ্ঠানে করদাতা কর্তৃক অনুদান হিসাবে প্রদত্ত অর্থ;

(১৪) স্বাধীনতা যুদ্ধ স্মরণে প্রতিস্থিত কোন জাতীয় পর্যায়ের প্রতিষ্ঠানে কোন করদাতা কর্তৃক অনুদান হিসাবে প্রদত্ত যেকোন পরিমাণের অর্থ;

(১৫) জাতির পিতার স্মরণে প্রতিস্থিত কোনো জাতীয় পর্যায়ের প্রতিষ্ঠানে কোন করদাতা কর্তৃক অনুদান হিসাবে প্রদত্ত যেকোন করদাতা কর্তৃক অনুদান হিসাবে প্রদত্ত যেকোন পরিমাণের অর্থ;

কতিপয় বিনিয়োগ ও ব্যয়ের ক্ষেত্রে সাধারণ কর রেয়াত:

২০২৩ সালের ১২ নং আইনের বিধান সাপেক্ষে এবং ষষ্ঠ তফসিল এর অংশ-৩ এর নির্ধারিত সীমা, শর্তাবলি এবং যোগ্যতা সাপেক্ষে কোন বিনিয়োগ করা হলে কোন করবর্ষে মোট আয়ের উপর প্রযোজ্য কর হতে একজন করদাতা নিম্নবর্ণিতভাবে কর রেয়াত প্রাপ্য হবেন:

চলমান পাতা-০৩

(ক) কর অব্যাহতি প্রাপ্ত আয় বাদ দিয়ে পরিগণিত মোট আয়ের (করযোগ্য মোট আয়ের) ৩%; অথবা

(খ) সাধারণ কর রেয়াত প্রযোজ্য এইরূপ অনুমোদনযোগ্য বিনিয়োগ ও ব্যয়ের ১৫%; অথবা

(গ) ১০ (দশ) লক্ষ টাকা;

এই তিনটির মধ্যে যেটি কম।

(ই) আয়করের হারঃ

২০২২-২০২৩ অর্থবছরে একজন করদাতার মোট আয়ের উপর আয়করের হার নিম্নরূপ হবে, যথা:-

বার্ষিক মোট আয়	**আয়করের হার**
০১) প্রথম ৩,৫০,০০০/-(তিন লক্ষ পঞ্চাশ হাজার) টাকা পর্যন্ত মোট আয়ের উপর	শূন্য
০২) পরবর্তী ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা পর্যন্ত মোট আয়ের উপর	৫%
০৩) পরবর্তী ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা পর্যন্ত মোট আয়ের উপর	১০%
০৪) পরবর্তী ৪,০০,০০০/- (চার লক্ষ) টাকা পর্যন্ত মোট আয়ের উপর	১৫%
০৫) পরবর্তী ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা পর্যন্ত মোট আয়ের উপর	২০%
০৬) অবশিষ্ট মোট আয়ের উপর	২৫%

তবে শর্ত থাকে যে-

(ক) মহিলা করদাতার করমুক্ত আয়ের সীমা হবে ৪,০০,০০০/-টাকা;

(খ) তৃতীয় লিঙ্গের করদাতা এবং প্রতিবন্ধী স্বাভাবিক ব্যক্তি করদাতার করমুক্ত আয়ের সীমা ৪,৭৫,০০০/-টাকা;

(গ) গেজেটভুক্ত যুদ্ধাহত মুক্তিযোদ্ধা করদাতার করমুক্ত আয়ের সীমা ৫,০০,০০০/- টাকা;

(ঘ) কোন প্রতিবন্ধী ব্যক্তির পিতা-মাতা বা আইনানুগ অভিভাবকের প্রত্যেক সন্তান বা পোষ্যের জন্য করমুক্ত আয়ের সীমা ৫০,০০০/- টাকা অধিক হবে, তবে প্রতিবন্ধী ব্যক্তির পিতা ও মাতা উভয়েই করদাতা হলে যেকোন একজন এই সুবিধা ভোগ করবেন।

(ঈ) ন্যূনতম করের পরিমাণঃ মোট আয় করমুক্ত আয়ের সীমা অতিক্রম করলে ন্যূনতম করের পরিমাণ কোনভাবেই নিম্নরূপে বর্ণিত হারের কম হবে না, যথা:-

এলাকার বিবরণ	**ন্যূনতম করের পরিমাণ (টাকা)**
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন ও চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকায় অবস্থিত করদাতা	৫,০০০/-
অন্যান্য সিটি কর্পোরেশন এলাকায় অবস্থিত করদাতা	৪,০০০/-
সিটি কর্পোরেশন ব্যতীত অন্যান্য এলাকায় অবস্থিত করদাতা	৩,০০০/-

কর রেয়াত প্রদানের ফলে আয়করের পরিমাণ ন্যূনতম করের কম, শূন্য (০) বা ঋণাত্মক হলেও ন্যূনতম কর প্রদান করতে হবে। একজন চাকুরীজীবি করদাতা একটি আয় বছরে একাধিক স্থানে কর্মরত থাকলে যে স্থানে তিনি বেশি সময় কর্মরত ছিলেন ন্যূনতম করের জন্য সে স্থানই তার অবস্থানস্থল হিসেবে বিবেচিত হবে।

০৩। বৈতনিক আয়ের উপর আয়কর নিরূপণ, আদায় ও বিবরণী প্রেরণ পদ্ধতিঃ

২০২২-২০২৩ অর্থবছর (২০২৩-২০২৪ করবছর) এর জন্য করযোগ্য কর্মকর্তা/কর্মচারীগণের বৈতনিক আয়ের উপর উপরোক্ত হারে আয়কর নিরূপণ করে সংযুক্ত ছক 'ক' এবং 'খ' মোতাবেক আয়কর নির্ধারণী শীট পূরণ করতে হবে। প্রধান কার্যালয়, বিভাগীয় কার্যালয়, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, জোনাল কার্যালয়, জোনাল নিরীক্ষা কার্যালয়, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা কর্পোরেট শাখা ও সকল শাখার বেতন প্রদানকারী কর্তৃপক্ষকে ২০২২-২০২৩ অর্থবছর (২০২৩-২০২৪ করবছর) এর জন্য করযোগ্য কর্মকর্তা/কর্মচারীগণের বৈতনিক আয়ের উপর উপরোক্ত হারে আয়কর নির্ধারণ করত: নীট প্রদেয় বৈতনিক আয়কর হতে কর্তনকৃত বৈতনিক আয়করের টাকা বাদ দিয়ে অবশিষ্ট টাকা সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর আগষ্ট/২০২৩ মাসের বেতন হতে বাধ্যতামূলকভাবে

চলমান পাতা-০৪

কর্তন করে সংশ্লিষ্ট হিসাবখাতে সংরক্ষণ করতে হবে এবং ২০২২-২০২৩ অর্থবছরের জন্য কর্তণকৃত অর্থের বিবরণী প্রেরণ নিশ্চিত করতে হবে। উল্লেখ্য, কোন করযোগ্য কর্মকর্তা/কর্মচারী কর্তৃক প্রদেয় আয়করের অতিরিক্ত অর্থ প্রদান করা হলে তা সমন্বয়ের জন্য কোনভাবেই ডেবিট এ্যাডভাইস ইস্যু করা যাবে না। প্রদেয় আয়করের অতিরিক্ত অর্থ পরবর্তীতে কেন্দ্রীয় হিসাব বিভাগ-১ হতে ফেরত প্রদান করা হবে। প্রধান কার্যালয় এবং প্রশিক্ষণ ইনস্টিটিউট এর করযোগ্য কর্মকর্তা/কর্মচারীগণের বৈতনিক আয়ের আয়কর (যদি অবশিষ্ট থাকে) কেন্দ্রীয় হিসাব বিভাগ-১ হতে আগস্ট/২০২৩ মাসের বেতন প্রদানের সময় কর্তন করতে হবে। মাসিক বেতন হতে আয়কর বাবদ কর্তন কোনভাবেই বন্ধ করা যাবে না। এর ব্যাত্যয় হলে বেতন প্রদানকারী কর্তৃপক্ষ এবং সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। নিম্নোক্ত রোড ম্যাপ অনুযায়ী বিবরণীসমূহ প্রধান কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। প্রসঙ্গত: উল্লেখ্য যে, কম্পিউটেশন শীটে (ছক 'ক' ও 'খ') অবশ্যই জাতীয় পরিচয় পত্র, ই-টিআইএন ও মোবাইল নং উল্লেখ করতে হবে। কম্পিউটেশন শীটগুলি নিয়ন্ত্রণকারী কার্যালয়ে প্রেরণের পূর্বে বেতন প্রদানকারী কর্তৃপক্ষ এই মর্মে

প্রত্যয়নপত্র (ছক-'গ' অনুযায়ী) প্রদান করবেন যে, তালিকাভুক্ত করদাতা ব্যতীত বিভাগীয় কার্যালয়, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, জোনাল কার্যালয়, জোনাল নিরীক্ষা কার্যালয় এবং শাখায় অন্য কোন করদাতা কর্মকর্তা/কর্মচারী নাই। বেতন প্রদানকারী কর্তৃপক্ষ আগষ্ট/২০২৩ মাসের ৩১ তারিখের মধ্যে বৈতনিক আয়ের আয়কর কর্তনের পরিমাণ উল্লেখ করে ছক-'ঘ' অনুযায়ী একটি প্রত্যয়নপত্র প্রদান করবেন যা আয়কর রিটার্ন দাখিলের সময় আয়কর কর্তনের প্রমাণক হিসেবে দাখিল করতে হবে।

০৪। বিবরণীসমূহ প্রেরণের সময়সূচীঃ

ক্রমিক নং	শাখা/কার্যালয়	বিবরণ	কোথায় প্রেরণ করতে হবে	প্রেরণের তারিখ	প্রধান কার্যালয়ে যার নিকট প্রেরণ করতে হবে	মন্তব্য
০১।	প্রধান কার্যালয় ও প্রশিক্ষণ ইনস্টিটিউট	ছক-'ক','খ' ও 'গ'	কেন্দ্রীয় হিসাব বিভাগ-১	০৩-০৯-২০২৩	জনাব মোঃ আতাউর রহমান উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা	নিজ নিজ বিভাগের ছক-'ক' এবং 'খ' একীভূত করে ছক-'গ' প্রস্তুত করতে হবে।
০২।	বিভাগীয় কার্যালয়/বিভাগীয় নিরীক্ষা কার্যালয়	ছক-'ক','খ' ও 'গ'	কেন্দ্রীয় হিসাব বিভাগ-১	০৩-০৯-২০২৩	জনাব মোঃ আতাউর রহমান উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা	নিজ নিজ কার্যালয়ের ছক-'ক' এবং 'খ' একীভূত করে ছক-'গ' প্রস্তুত করতে হবে।
০৩।	জোনাল কার্যালয়	ছক-'ক','খ' ও 'গ'	কেন্দ্রীয় হিসাব বিভাগ-১	০৩-০৯-২০২৩	জনাব মোঃ আতাউর রহমান উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা	জোনাল কার্যালয়/জোনিকা/শাখার ছক-'ক' এবং 'খ' একীভূত করে ছক-'গ' প্রস্তুত করতে হবে।
০৪।	জোনিকা/শাখাসমূহ	ছক-'ক' ও 'খ'	জোনাল কার্যালয়ে	৩১-০৮-২০২৩	-	নিয়ন্ত্রণকারী কর্মকর্তাগণ ছক 'গ' প্রস্তুত করবে।

০৫। কর প্রদানযোগ্য কর্মকর্তা/কর্মচারীগণ কর্তৃক ভুল বিবরণী (রিটার্ন) দাখিল করার কারণে বা আদৌ কর বিবরণী দাখিল না করার কারণে আয়কর কর্তৃপক্ষ কর্তৃক কোন জরিমানা আরোপিত হলে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।

০৬। উল্লিখিত নির্দেশাবলী যথাযথভাবে পরিপালনপূর্বক বৈতনিক আয়কর সংক্রান্ত বিবরণীসমূহ যথাসময়ে প্রেরণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

চলমান পাতা-০৫

০৭। পরবর্তীতে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক আয়কর সংক্রান্ত কোন সংশোধন, পরিবর্তন/পরিবর্ধন আনয়ন করা হলে সে মোতাবেক প্রয়োজনীয় সংশোধনী প্রযোজ্য হবে।

০৮। বৈতনিক আয়কর সংক্রান্ত বিষয়ে কোন ব্যাখ্যা/তথ্যের প্রয়োজন হলে স্থানীয় আয়কর অফিস অথবা এই বিভাগের সাথে যোগাযোগ করার পরামর্শ দেয়া হলো।

এস,এম, আহসানউল্লাহ্
উপ-মহাব্যবস্থাপক

ফোনঃ ০২৫৮৮-৮২০১০৫

সংযুক্তিঃ ০৬ (ছয়)।

স্মারক নং- প্রকা/কেহিবি-১/৩০(২১)/২০২৩-২০২৪/৪০২(৪৫৫) তারিখ : ঐ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলোঃ

১। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, পর্ষদ সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
২। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
৩। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
৪। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
৫। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
৬। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী। পরিপত্রটি সংযুক্তিসহ রাকাবের ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগকে অনুরোধ করা হলো।
৭। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।
৮। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
৯। সকল জোনাল ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১০। উপ-মহাব্যবস্থাপক, রাকাব, ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা।
১১। উপ-মহাব্যবস্থাপক, রাকাব, স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী।
১২। প্রকল্প পরিচালক, রাকাব-এসইসিপি, সিপিও, রাজশাহী।
১৩। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১৪। সকল শাখা ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১৫। আহমেদ খান এন্ড কোং, আয়কর উপদেষ্টা, মধুমিতা বিল্ডিং (২য় তলা), ১৬০, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
১৬। উপ-কর কমিশনার, সার্কেল-১৮(বৈতনিক), কর অঞ্চল-রাজশাহী।
১৭। অফিস নথি।

মোঃ আতাউর রহমান
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা
ফোন: ০২৫৮৮-৮২০১০৬

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

ছক-‘ক’

.... শাখা/কার্যালয়/বিভাগ।

(কম্পিউটেশন শীট)

২০২২-২০২৩ অর্থবছরের (২০২৩-২০২৪ কর বছর) মোট বৈতনিক আয়ের উপর কর নিরূপণ বিবরণী
১ জুলাই, ২০২২ হতে ৩০ জুন, ২০২৩।

নাম : ...., পদবী : ...., শাখা/কার্যালয় : ....

পিতার নাম : ...., মাতার নাম : ....।

জাতীয় পরিচয়পত্র নং :													
ই-টি.আই.এন :													
মোবাইল নং :												-	-

ক্র : নং	বিবরণ	টাকা
(ক)	আয় :	
১।	মূল বেতন :	
২।	উৎসব ভাতা ও বোনাস/এক্সগ্রেসিয়া :	
৩।	সর্বমোট করযোগ্য আয় :	
(খ)	প্রদেয় কর :	
১।	প্রথম ৩,৫০,০০০/- টাকা পর্যন্ত (পুরুষ করদাতা), ৪,০০,০০০/- টাকা পর্যন্ত (মহিলা করদাতা), ৪,৭৫,০০০/-টাকা পর্যন্ত (তৃতীয় লিঙ্গের করদাতা ও প্রতিবন্ধী স্বাভাবিক ব্যক্তি করদাতা) এবং ৫,০০,০০০/-টাকা পর্যন্ত (গেজেটভুক্ত যুদ্ধাহত মুক্তিযোদ্ধা করদাতা) মোট আয়ের উপর ০% (শূন্য)হারে :	
২।	পরবর্তী ১,০০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর ৫% (পাঁচ) হারে :	
৩।	পরবর্তী ৩,০০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর ১০% (দশ) হারে :	
৪।	পরবর্তী ৪,০০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর ১৫% (পনের) হারে :	
৫।	পরবর্তী ৫,০০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর ২০% (বিশ) হারে :	
৬।	অবশিষ্ট মোট আয়ের উপর ২৫% (পঁচিশ) হারে :	
৭।	সর্বমোট করযোগ্য আয়ের উপর কর :	
(গ)	অনুমোদনযোগ্য বিনিয়োগ ও ব্যয় :	
১।	জীবন বিমা প্রিমিয়াম বাবদ পরিশোধিত অর্থ (বীমাকৃত টাকার অনূর্ধ্ব ১০%) :	
২।	হিন্দু অবিভক্ত পরিবার হিসাবে পরিবারের যেকোন পুরুষ সদস্যের বা এইরূপ সদস্যের স্ত্রীর জীবন বিমার উদ্দেশ্যে বাংলাদেশে পরিশোধকৃত অর্থ:	
৩।	সরকার কর্তৃক বা সরকারের পক্ষে বেতনাদি বাবদ পরিশোধযোগ্য যেকোন পরিমাণের অর্থ হতে চাকরির শর্তাবলি অনুসারে ব্যক্তির জন্য স্থগিত বার্ষিক বৃত্তি বাবদ অথবা স্ত্রী বা সন্তানদের নিরাপত্তা বিধানের জন্য কর্তনকৃত অর্থ:	
৪।	Provident Fund Act, 1925 (Act No. 19 of 1925) এর বিধানাবলি প্রযোজ্য এইরূপ যেকোন তহবিলে করদাতার চাঁদা বাবদ প্রদেয় অর্থ (পেনশন গ্রহীতাদের ক্ষেত্রে):	
৫।	ব্যাংক ও নিজের দেয় ভবিষ্য তহবিলের চাঁদা (ভবিষ্য তহবিল গ্রহীতাদের ক্ষেত্রে) :	
৬।	অনুমোদিত কোন বার্ধক্য তহবিলে বার্ষিক সাধারণ চাঁদা হিসাবে পরিশোধিত অর্থ:	
৭।	কোন সরকারি সিকিউরিটিজে বিনিয়োগ (সঞ্চয়পত্র ক্রয়) [অনধিক ৫ (পাঁচ) লক্ষ টাকা]:	
৮।	কোন আর্থিক প্রতিষ্ঠান বা ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ বা সম্পদ ব্যবস্থাপক বা ফান্ড ম্যানেজার কর্তৃক ইস্যুকৃত ইউনিট সার্টিফিকেট এবং মিউচুয়াল ফান্ড, ইটিএফ বা যৌথ বিনিয়োগ স্কিম ইউনিট সার্টিফিকেটে বিনিয়োগ [অনধিক ৫ (পাঁচ) লক্ষ টাকা]:	
৯।	কোন তফসিলি ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান কৃর্তক স্পন্সরকৃত ডিপোজিট পেনশন স্কিমে বা মাসিক সঞ্চয় স্কিমে জমাদানকৃত [অনধিক ১ (এক) লক্ষ ২০ (বিশ) হাজার টাকা]:	
১০।	বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জের অধীন পরিচালিত কোন স্টক এক্সচেঞ্জের সাথে তালিকাভুক্ত কোন সিকিউরিটিজে বিনিয়োগ :	
১১।	কোন দাতব্য হাসপাতালকে প্রদত্ত কোন দান, যা এইরূপ অর্থ পরিশোধের ১ (এক) বৎসর পূর্বে সিটি কর্পোরেশন এলাকা বহির্ভূত এলাকায় স্থাপন করা হয়েছে এবং বোর্ড কর্তৃক অনুমোদিত হয়েছে :	
১২।	প্রতিবন্ধী ব্যক্তিগণের কল্যাণে স্থাপিত কোন সংগঠনকে দান হিসাবে পরিশোধিত কোন অর্থ, যদি এইরূপ সংগঠন উক্ত দানের এক বৎসর পূর্বে প্রতিষ্ঠিত হয় এবং এতদুদ্দেশ্যে সমাজকল্যাণ অধিদপ্তর বোর্ড কর্তৃক অনুমোদিত:	
১৩।	যাকাত হিসাবে যাকাত তহবিলে অথবা চাঁদা বা দান হিসাবে যাকাত তহবিল ব্যবস্থাপনা আইন, ২০২৩ (২০২৩ সনের ৫ নং আইন) দ্বারা বা ইহার অধীন প্রতিষ্ঠিত কোন দাতব্য তহবিলে পরিশোধিত যেকোন পরিমাণ অর্থ:	
১৪।	স্ত্রী, সন্তান বা নির্ভরশীল অন্য কারো সুবিধা প্রতিনিধানার্থ কল্যাণ তহবিলে প্রদত্ত অর্থ অথবা যৌথ বিমা স্কিমের অধীন কোন প্রিমিয়াম বাবদ পরিশোধিত অর্থ:	
১৫।	সরকার কর্তৃক অনুমোদিত কোন জনকল্যাণমূলক বা শিক্ষামূলক প্রতিষ্ঠানে অনুদান হিসাবে প্রদত্ত অর্থ:	
১৬।	স্বাধীনতা যুদ্ধ স্মরণে প্রতিষ্ঠিত কোন জাতীয় পর্যায়ের প্রতিষ্ঠানে অনুদান হিসাবে প্রদত্ত যেকোন পরিমাণ অর্থ:	
১৭।	জাতির পিতার স্মরণে প্রতিষ্ঠিত কোন জাতীয় পর্যায়ের প্রতিষ্ঠানে অনুদান হিসাবে প্রদত্ত যেকোন পরিমাণ অর্থ:	
১৮।	সর্বমোট বিনিয়োগ ও ব্যয় :	
(ঘ)	সাধারণ কর রেয়াত :	
১।	মোট আয়ের [কর অব্যাহতি প্রাপ্ত আয় থাকলে তা ব্যতীত] ৩% অথবা বিনিয়োগ ও ব্যয়ের ১৫% অথবা ১০.০০ লক্ষ (দশ লক্ষ) টাকা এ তিনটির মধ্যে যেটি কম:	
২।	ব্যক্তিগত মোটর গাড়ীর অগ্রিম কর :	
৩।	সর্বমোট কর রেয়াত ও অগ্রিম কর {(ঘ)১+(ঘ)২} :	
(ঙ)	নীট প্রদেয় কর (খ)৭-(ঘ)৩ (সর্বনিম্ন কর ৩০০০/ ৪০০০/ ৫০০০ টাকা :	

প্রস্তুতকারী

শাখা ব্যবস্থাপক/অফিস প্রধান এর স্বাক্ষর (সীলসহ)

করদাতার স্বাক্ষর (সীলসহ)

বি: দ্র : উক্ত বিবরণী তৈরী করার সময় পয়সাকে নিকটতম টাকায় রূপান্তর করতে হবে।

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

....................................শাখা/কার্যালয়/ বিভাগ ।

ছক -'খ'

নাম : ....

পদবী : ....

ই-টি.আই.এন : ....

মাসের নাম	মূল বেতন	বাড়ী ভাড়া ভাতা	উৎসব ভাতা	বোনাস/ এক্সগ্রেসিয়া	বাংলা নববর্ষ ভাতা	আপ্যায়ন ভাতা	যাতায়াত ভাতা	শিক্ষা ভাতা	চিকিৎসা ভাতা	ছুটি নগদায়ন/ শ্রান্তি বিনোদন/ অন্যান্য	মোট	ভবিষ্য তহবিলে কর্মচারীর চাঁদা	বদান্য তহবিলের চাঁদা	মোট (১৩+১৪)	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬
জুলাই, ২০২২															
আগস্ট, ২০২২															
সেপ্টেম্বর, ২০২২															
অক্টোবর, ২০২২															
নভেম্বর, ২০২২															
ডিসেম্বর, ২০২২															
জানুয়ারী, ২০২৩															
ফেব্রুয়ারী, ২০২৩															
মার্চ, ২০২৩															
এপ্রিল, ২০২৩															
মে, ২০২৩															
জুন, ২০২৩															
বকেয়া :															
মোট :															

প্রধান কার্যালয়ে এক কপি জমা দিতে হবে।

করদাতার স্বাক্ষর (সীলসহ)

বেতন প্রদানকারী কর্তৃপক্ষের স্বাক্ষর

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

ছক -‘গ’

.... শাখা/কার্যালয়/বিভাগ।

কর্মকর্তা/কর্মচারীগণের ২০২২-২০২৩ অর্থবছর (২০২৩-২০২৪ কর বছর) এর আয়কর বিবরণী :

ক্র : নং	কর্মকর্তা/ কর্মচারীর নাম	পদবী	ই-টি আই এন (ট্যাক্স পেয়ার্স আইডেন্টিফিকেশন নম্বর)	শাখা/ কার্যালয়/ বিভাগ	মূল বেতন	উৎসব ভাতা ও বোনাস/এক্সগ্রেসিয়া	সর্বমোট করযোগ্য আয়	সর্বমোট করযোগ্য আয়ের উপর কর	ভবিষ্য তহবিলের চাঁদা	বদান্য তহবিলের চাঁদা	অন্যান্য	মোট অনুমোদনযোগ্য বিনিয়োগ ও ব্যয়	কর রেয়াত (ট্যাক্স ক্রেডিট)	ব্যক্তিগত মোটর গাড়ীর অগ্রিম কর	প্রদেয় কর
১	২	৩	৪	৫	৬	৭	৮=৬+৭	৯	১০	১১	১২	১৩=১০+১১+১২	১৪	১৫	১৬=৯-১৪-১৫

এই মর্মে প্রত্যয়ন করা যাচ্ছে যে, প্রতিটি হিসাব বিবরণী যথাযথভাবে পরীক্ষা করা হয়েছে এবং কেন্দ্রীয় হিসাব বিভাগ-১, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, রাজশাহী কর্তৃক জারীকৃত প্রকা/কেহিবি-১/পরিপত্র নং-০৩/২০২৩, তারিখ : ২২-০৮-২০২৩ মোতাবেক তা সঠিক। আরও প্রত্যয়ন করা যাচ্ছে যে, এই একত্রিত বিবরণীতে উল্লিখিত করদাতাগণ ব্যতীত আর কোন কর প্রদানযোগ্য কর্মকর্তা/কর্মচারী এই শাখা/কার্যালয়/বিভাগ-এ নাই।

উর্ধ্বতন কর্মকর্তা/মুখ্য কর্মকর্তা/ উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা
স্বাক্ষর (সীলসহ)

জোনাল ব্যবস্থাপক/ উপ-মহাব্যবস্থাপক/বিভাগীয় প্রধান/মহাব্যবস্থাপক
স্বাক্ষর (সীলসহ)

বি : দ্র : ০১। ছক ‘ক’, ‘খ’ ও ‘গ’ এক কপি করে প্রধান কার্যালয় এর কেন্দ্রীয় হিসাব বিভাগ-১ প্রেরণ করতে হবে।

০২। উক্ত বিবরণী তৈরী করার সময় পয়সাকে নিকটতম টাকায় রূপান্তর করতে হবে।

স্মারক নং-   তারিখ : - -২০২৩ ইং

ছক-'ঘ'

প্রত্যয়ন পত্র

এই মর্মে প্রত্যয়ন করা যাচ্ছে যে, জনাব ....পদবী : ...., শাখা/কার্যালয়/বিভাগ:........................, ই-টিআইএন :......................, এর নিকট হতে ২০২২-২০২৩ অর্থবছর (২০২৩-২০২৪ কর বছর) এর বৈতনিক আয়ের উৎসে আয়কর বাবদ ..../- (কথায় :......................................) মাত্র কর্তন করা হয়েছে।

বেতন প্রদানকারী কর্তৃপক্ষের স্বাক্ষর

নমুনা

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক ছক-'ক'

প্রধান কার্যালয়, রাজশাহী। **(কম্পিউটেশন শীট)**

কেন্দ্রীয় হিসাব বিভাগ-১

২০২২-২০২৩ অর্থবছরের (২০২৩-২০২৪ কর বছর) মোট বৈতনিক আয়ের উপর কর নিরূপণ বিবরণী

১ জুলাই, ২০২২ হতে ৩০ জুন, ২০২৩।

নাম: মোঃ আতাউর রহমান, পদবী: উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা, বিভাগ: কেন্দ্রীয় হিসাব বিভাগ-১, প্রধান কার্যালয়, রাজশাহী।

পিতার নাম: মৃত. সুজাল উদ্দিন, মাতার নাম: ফাতেমা বেগম।

জাতীয় পরিচয়পত্র নং :	০	০	০	১	৪	৯	৩	১	৩	৮	৫	২	১
ই-টি.আই.এন :	৮	১	৩	৫	৩	০	৪	৭	৬	০	২	৭	-
মোবাইল নং :	০	১	৭	৬	২	৬	৭	৯	৭	৮	৭	-	-

ক্র : নং	বিবরণ	টাকা
(ক)	আয় :	
১।	মূল বেতন :	৬,৪৩,৩২০/-
২।	উৎসব ভাতা ও বোনাস/এক্সগ্রেসিয়া :	১,৫৬,৩১০/-
৩।	সর্বমোট করযোগ্য আয় :	৭,৯৯,৬৩০/-
(খ)	প্রদেয় কর :	
১।	প্রথম ৩,৫০,০০০/- টাকা পর্যন্ত (পুরুষ করদাতা), ৪,০০,০০০/- টাকা পর্যন্ত (মহিলা করদাতা), ৪,৭৫,০০০/-টাকা পর্যন্ত (তৃতীয় লিঙ্গের করদাতা ও প্রতিবন্ধী স্বাভাবিক ব্যক্তি করদাতা) এবং ৫,০০,০০০/-টাকা পর্যন্ত (গেজেটভুক্ত যুদ্ধাহত মুক্তিযোদ্ধা করদাতা) মোট আয়ের উপর ০% (শূন্য)হারে :	-
২।	পরবর্তী ১,০০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর ৫% (পাঁচ) হারে :	৫,০০০/-
৩।	পরবর্তী ৩,০০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর ১০% (দশ) হারে :	৩০,০০০/-
৪।	পরবর্তী ৪,০০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর ১৫% (পনের) হারে :	৭,৪৪৫/-
৫।	পরবর্তী ৫,০০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর ২০% (বিশ) হারে :	
৬।	অবশিষ্ট মোট আয়ের উপর ২৫% (পঁচিশ) হারে :	
৭।	সর্বমোট করযোগ্য আয়ের উপর কর :	৪২,৪৪৫/-
(গ)	অনুমোদনযোগ্য বিনিয়োগ ও ব্যয় :	
১।	জীবন বিমা প্রিমিয়াম বাবদ পরিশোধিত অর্থ (বীমাকৃত টাকার অনূর্ধ্ব ১০%) :	-
২।	হিন্দু অবিভক্ত পরিবার হিসাবে পরিবারের যেকোন পুরুষ সদস্যের বা এইরূপ সদস্যের স্ত্রীর জীবন বিমার উদ্দেশ্যে বাংলাদেশে পরিশোধকৃত অর্থ:	-
৩।	সরকার কর্তৃক বা সরকারের পক্ষে বেতনাদি বাবদ পরিশোধযোগ্য যেকোন পরিমাণের অর্থ হতে চাকরির শর্তাবলি অনুসারে ব্যক্তির জন্য স্থগিত বার্ষিক বৃত্তি বাবদ অথবা স্ত্রী বা সন্তানদের নিরাপত্তা বিধানের জন্য কর্তনকৃত অর্থ:	-
৪।	Provident Fund Act, 1925 (Act No. 19 of 1925) এর বিধানাবলি প্রযোজ্য এইরূপ যেকোন তহবিলে করদাতার চাঁদা বাবদ প্রদেয় অর্থ (পেনশন গ্রহীতাদের ক্ষেত্রে):	১,৬০,৮৩৬/-
৫।	ব্যাংক ও নিজের দেয় ভবিষ্য তহবিলের চাঁদা (ভবিষ্য তহবিল গ্রহীতাদের ক্ষেত্রে) :	-
৬।	অনুমোদিত কোন বার্ধক্য তহবিলে বার্ষিক সাধারণ চাঁদা হিসাবে পরিশোধিত অর্থ:	-
৭।	কোন সরকারি সিকিউরিটিজে বিনিয়োগ (সঞ্চয়পত্র ক্রয়) [অনধিক ৫ (পাঁচ) লক্ষ টাকা]:	-
৮।	কোন আর্থিক প্রতিষ্ঠান বা ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ বা সম্পদ ব্যবস্থাপক বা ফান্ড ম্যানেজার কর্তৃক ইস্যুকৃত ইউনিট সার্টিফিকেট এবং মিউচুয়াল ফান্ড, ইটিএফ বা যৌথ বিনিয়োগ স্কিম ইউনিট সার্টিফিকেটে বিনিয়োগ [অনধিক ৫ (পাঁচ) লক্ষ টাকা]:	-
৯।	কোন তফসিলি ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক স্পন্সরকৃত ডিপোজিট পেনশন স্কিমে বা মাসিক সঞ্চয় স্কিমে জমাদানকৃত [অনধিক ১ (এক) লক্ষ ২০ (বিশ) হাজার টাকা]:	১,২০,০০০/-
১০।	বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জের অধীন পরিচালিত কোন স্টক এক্সচেঞ্জের সাথে তালিকাভুক্ত কোন সিকিউরিটিজে বিনিয়োগ :	-
১১।	কোন দাতব্য হাসপাতালকে প্রদত্ত কোন দান, যা এইরূপ অর্থ পরিশোধের ১ (এক) বৎসর পূর্বে সিটি কর্পোরেশন এলাকা বহির্ভূত এলাকায় স্থাপন করা হয়েছে এবং বোর্ড কর্তৃক অনুমোদিত হয়েছে :	-
১২।	প্রতিবন্ধী ব্যক্তিগণের কল্যাণে স্থাপিত কোন সংগঠনকে দান হিসাবে পরিশোধিত কোন অর্থ, যদি এইরূপ সংগঠন উক্ত দানের এক বৎসর পূর্বে প্রতিষ্ঠিত হয় এবং এতদুদ্দেশ্যে সমাজকল্যাণ অধিদপ্তর বোর্ড কর্তৃক অনুমোদিত:	-
১৩।	যাকাত হিসাবে যাকাত তহবিলে অথবা চাঁদা বা দান হিসাবে যাকাত তহবিল ব্যবস্থাপনা আইন, ২০২৩ (২০২৩ সনের ৫ নং আইন) দ্বারা বা ইহার অধীন প্রতিষ্ঠিত কোন দাতব্য তহবিলে পরিশোধিত যেকোন পরিমাণ অর্থ:	-
১৪।	স্ত্রী, সন্তান বা নির্ভরশীল অন্য কারো সুবিধা প্রতিনিধানার্থ কল্যাণ তহবিলে প্রদত্ত অর্থ অথবা যৌথ বিমা স্কিমের অধীন কোন প্রিমিয়াম বাবদ পরিশোধিত অর্থ:	২,৭৬০/-
১৫।	সরকার কর্তৃক অনুমোদিত কোন জনকল্যাণমূলক বা শিক্ষামূলক প্রতিষ্ঠানে অনুদান হিসাবে প্রদত্ত অর্থ:	-
১৬।	স্বাধীনতা যুদ্ধ স্মরণে প্রতিষ্ঠিত কোন জাতীয় পর্যায়ের প্রতিষ্ঠানে অনুদান হিসাবে প্রদত্ত যেকোন পরিমাণ অর্থ:	-
১৭।	জাতির পিতার স্মরণে প্রতিষ্ঠিত কোন জাতীয় পর্যায়ের প্রতিষ্ঠানে অনুদান হিসাবে প্রদত্ত যেকোন পরিমাণ অর্থ:	-
১৮।	সর্বমোট বিনিয়োগ ও ব্যয় :	২,৮৩,৫৯৬/-
(ঘ)	সাধারণ কর রেয়াত :	
১।	মোট আয়ের [কর অব্যাহতি প্রাপ্ত আয় থাকলে তা ব্যতীত] ৩% অথবা বিনিয়োগ ও ব্যয়ের ১৫% অথবা ১০.০০ লক্ষ (দশ লক্ষ) টাকা এ তিনটির মধ্যে যেটি কম:	২৩,৯৮৯/-
২।	ব্যক্তিগত মোটর গাড়ীর অগ্রিম কর :	-
৩।	সর্বমোট কর রেয়াত ও অগ্রিম কর {(ঘ)১+(ঘ)২} :	২৩,৯৮৯/-
(ঙ)	নীট প্রদেয় কর (খ)৭-(ঘ)৩ (সর্বনিম্ন কর ৩০০০/ ৪০০০/ ৫০০০ টাকা :	১৮,৪৫৬/-

স্বাক্ষরিত/-	স্বাক্ষরিত/-	স্বাক্ষরিত/-
২০-০৮-২০২৩	২০-০৮-২০২৩	২০-০৮-২০২৩
মাসুদ রানা মাহতাব	এস.এম.আহসানউল্লাহ্	মোঃ আতাউর রহমান
উর্ধ্বতন কর্মকর্তা	উপ-মহাব্যবস্থাপক	উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা
প্রস্তুতকারী	শাখা ব্যবস্থাপক/অফিস প্রধান এর স্বাক্ষর (সীলসহ)	করদাতার স্বাক্ষর (সীলসহ)

নমুনা

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

প্রধান কার্যালয়, রাজশাহী।

কেন্দ্রীয় হিসাব বিভাগ-১

ছক-‘খ’

জনাব মোঃ আতাউর রহমান
পদবী: উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা ।
ই-টি.আই.এন: ৮১৩৫৩০৪৭৬০২৭

মাসের নাম	মূল বেতন	বাড়ী ভাড়া ভাতা	উৎসব ভাতা	বোনাস/ এক্সগ্রেসিয়া	বাংলা নববর্ষ ভাতা	আপ্যায়ন ভাতা	যাতায়াত ভাতা	শিক্ষা ভাতা	চিকিৎসা ভাতা	ছুটি নগদায়ন/ শ্রান্তি বিনোদন/ অন্যান্য	মোট	ভবিষ্য তহবিলে কর্মচারীর চাঁদা	বদান্য তহবিলের চাঁদা	মোট (১৩+১৪)	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬
জুলাই, ২০২২	৫৩৬১০	২১৪৪৪	-	-	-	-	১০০	১০০০	১৫০০	-	৭৭৬৫৪	১৩৪০৩	২৩০	১৩৬৩৩	
আগস্ট, ২০২২	৫৩৬১০	২১৪৪৪	-	-	-	-	১০০	১০০০	১৫০০	-	৭৭৬৫৪	১৩৪০৩	২৩০	১৩৬৩৩	
সেপ্টেম্বর, ২০২২	৫৩৬১০	২১৪৪৪	-	-	-	-	১০০	১০০০	১৫০০	-	৭৭৬৫৪	১৩৪০৩	২৩০	১৩৬৩৩	
অক্টোবর, ২০২২	৫৩৬১০	২১৪৪৪	-	-	-	-	১০০	১০০০	১৫০০	-	৭৭৬৫৪	১৩৪০৩	২৩০	১৩৬৩৩	
নভেম্বর, ২০২২	৫৩৬১০	২১৪৪৪	-	-	-	-	১০০	১০০০	১৫০০	-	৭৭৬৫৪	১৩৪০৩	২৩০	১৩৬৩৩	
ডিসেম্বর, ২০২২	৫৩৬১০	২১৪৪৪	-	-	-	-	১০০	১০০০	১৫০০	-	৭৭৬৫৪	১৩৪০৩	২৩০	১৩৬৩৩	
জানুয়ারী, ২০২৩	৫৩৬১০	২১৪৪৪	-	-	-	-	১০০	১০০০	১৫০০	-	৭৭৬৫৪	১৩৪০৩	২৩০	১৩৬৩৩	
ফেব্রুয়ারী, ২০২৩	৫৩৬১০	২১৪৪৪	-	-	-	-	১০০	১০০০	১৫০০	-	৭৭৬৫৪	১৩৪০৩	২৩০	১৩৬৩৩	
মার্চ, ২০২৩	৫৩৬১০	২১৪৪৪	-	-	-	-	-	১০০০	১৫০০	-	৭৭৫৫৪	১৩৪০৩	২৩০	১৩৬৩৩	
এপ্রিল, ২০২৩	৫৩৬১০	২১৪৪৪	৫৩৬১০	-	১০৭২২	-	-	১০০০	১৫০০	-	১৪১৮৮৬	১৩৪০৩	২৩০	১৩৬৩৩	
মে, ২০২৩	৫৩৬১০	২১৪৪৪	-	-	-	-	-	১০০০	১৫০০	-	৭৭৫৫৪	১৩৪০৩	২৩০	১৩৬৩৩	
জুন, ২০২৩	৫৩৬১০	২১৪৪৪	৫৩৬১০	৪৯০৯০	-	-	-	১০০০	১৫০০	-	১৮০২৫৪	১৩৪০৩	২৩০	১৩৬৩৩	
বকেয়া :	-	-	-	-	-	-	-	-	-	-	-	-	-	-	
মোট :	৬৪৩৩২০	২৫৭৩২৮	১০৭২২০	৪৯০৯০	১০৭২২	-	৮০০	১২০০০	১৮০০০	-	১০৯৮৪৮০	১৬০৮৩৬	২৭৬০	১৬৩৫৯৬	

প্রধান কার্যালয়ে এক কপি জমা দিতে হবে।

স্বাক্ষরিত/-
২০-০৮-২০২৩
মোঃ আতাউর রহমান
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা
করদাতার স্বাক্ষর (সীলসহ)

স্বাক্ষরিত/-
২০-০৮-২০২৩
এস. এম. আহসানউল্লাহ্
উপ-মহাব্যবস্থাপক
বেতন প্রদানকারী কর্তৃপক্ষের স্বাক্ষর